

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আদেশ

তারিখ : ২৯ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং ৯৫-আইন/২০১৬।—যেহেতু প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধান পদে নিয়োগের মেয়াদ সংক্রান্ত বিদ্যমান বিধান রহিত করিয়া সংশোধনীসহ উক্ত বাহিনীসমূহের প্রধান পদে নিয়োগদান ও উহার মেয়াদ নিয়ন্ত্রণকল্পে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬২ এর দফা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, আদেশ দ্বারা, নিম্নরূপ বিধান করিলেন, যথা:—

১। সঞ্চিষ্ঠ শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আদেশ প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধান পদে (নিয়োগদান ও মেয়াদ) আদেশ, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধান পদে নিয়োগদান ও মেয়াদ।—(১) রাষ্ট্রপতি প্রতিরক্ষা-বাহিনীসমূহের প্রধান পদে নিয়োগদান করিবেন।

(২) অবসর গ্রহণের তারিখ পূর্বেই অতিক্রান্ত না হইলে, কিংবা রাষ্ট্রপতি, জনস্বার্থে, পূর্বেই অবসর গ্রহণের আদেশ প্রদান না করিলে, বাহিনী প্রধানের নিয়োগের মেয়াদ, একসঙ্গে বা বর্ধিতকরণসহ, নিয়োগের তারিখ হইতে অনুর্ধ্ব ৪(চার) বৎসর হইবে।

(৪৫৫৩)

মূল্য টাকা ৮.০০

৩। রাহিতকরণ ও হেফাজত।—(১) Chiefs of Staff of the Defence Services (Tenure of Appointment) Order, 1981 এতদ্বারা রাহিত করা হইল।

(২) উক্তরূপ রাহিতকরণ সন্ত্রেণ, রাহিত Order এর অধীন ইতোপূর্বে প্রদত্ত সকল নিয়োগ আদেশ এমনভাবে কার্যকর থাকিবে যেন উক্ত Order রাহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী হাবিবুল আউয়াল
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd